

ইউএস-বাংলাকে আইএটিএ মেম্বার সার্টিফিকেট হস্তান্তর

- A Monitor Desk Report

Date: 19 October, 2023



ঢাকা: সম্প্রতি ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের (আইএটিএ) সদস্যপদ অর্জন করেছে বাংলাদেশের অন্যতম বৃহৎ বিমান সংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স।

দেশে প্রথমবারের মতো কোনো বেসরকারি এয়ারলাইন্স হিসেবে আইএটিএ সদস্যপদ পেল ইউএস-বাংলা।

আরও পড়ুন: [বিনাখরচে পাইলট বানানোর উদ্যোগ ইউএস-বাংলার](#)

বুধবার (১৮ অক্টোবর) আইএটিএর এশিয়া প্যাসিফিক অঞ্চলের রিজিওনাল ডিরেক্টর (অপারেশনস, সেফটি অ্যান্ড সিকিউরিটি) মিস্টার ব্লায়ার কাউলেস আনুষ্ঠানিকভাবে আইএটিএ মেম্বার সার্টিফিকেট ইউএস-বাংলার কাছে হস্তান্তর করেন।

সার্টিফিকেট গ্রহণ করেন ইউএস-বাংলা এয়ারলাইন্সের চিফ এক্সিকিউটিভ অফিসার ক্যাপ্টেন লুৎফর রহমান।

আইএটিএ মেম্বার সার্টিফিকেট হস্তান্তর করার সময় আরও উপস্থিত ছিলেন ইউএস-বাংলা এয়ারলাইন্সের চিফ ফিন্যান্সিয়াল অফিসার হাবিবুর রহমান, হেড অব সেলস শফিকুল ইসলাম, জেনারেল ম্যানেজার (পাবলিক রিলেশনস) মো. কামরুল ইসলাম ও আইএটিএ বাংলাদেশের ইন্ডাস্ট্রি অ্যাফেয়ার্স ম্যানেজার পারভেজ ইব্রাহিম।

-B